রাহুলকে কটাক্ষ সুব্রহ্মণ্যম স্বামীর

প্রিয়াঙ্কাকে দায়িত্বে আনার আর্জি কংগ্রেসের শীর্ষ নেতাদের

নয়াদিল্লি, ১৫ মে : ২০১৯ সালে লোকসভা নির্বাচন। তার আগে কর্নাটক বিধানসভা নির্বাচন ছিল কংগ্রেসের কাছে অগ্নিপরীক্ষা। নির্বাচনের আগে কংগ্রেসের জেতার ব্যাপারে সমস্ত রকম সম্ভাবনাই তৈরি হয়েছিল। কিন্তু দিশাহীন নেতৃত্বের জন্যই নির্বাচনের ফল পুরোপুরি বদলে গেছে। বিজেপি একক সংখ্যাগরিষ্ঠতা না পেলেও ভাল ফল করেছে। স্বাভাবিকভাবেই কংগ্রেসের শীর্ষ নেতারা মুখ খুলতে শুরু করেছেন।

রাহুল গান্ধিকে যে দেশের মানুষ এখনও গ্রহণযোগ্য নেতা হিসেবে মেনে নেননি, তা আরও একবার প্রমাণিত হল। একের পর এক রাজ্যে কংগ্রেসের হারকে ভাল চোখে দেখছে না কংগ্রেসের শীর্ষ স্তরের নেতারা। ফলে আর রাহুলের ওপরে ভরসা রাখতে পারছেন না তাঁরা। এই পরিস্থিতিতে রাহুল গান্ধিকে সরিয়ে প্রিয়াঙ্গা গান্ধিকে দলের মুখ করতে চাইছেন প্রবীণ নেতারা। এ বিষয়ে অবশ্য প্রকাশ্যে কেউ মুখ খুলতে চাননি। কিন্তু গুঞ্জন শুরু হয়েছে প্রিয়াঙ্কাকে সক্রিয় রাজনীতিতে নিয়ে আসার। নাম প্রকাশে অনিচ্ছুক এক কংগ্রেস নেতা এদিন নয়াদিল্লিতে জানিয়েছেন, ২০১৯ সালে নরেন্দ্র মোদীকে প্রধানমন্ত্রীর চেয়ার থেকে সরাতে গেলে একজন যোগ্য নেতার প্রয়োজন। যা হাল তাতে সক্রিয় রাজনীতিতে প্রিয়াঙ্কাকে না নিয়ে আসা ছাড়া আর কোনও উপায় নেই।

সূত্রের খবর, এ ব্যাপারে সোনিয়া গান্ধির উপরে চাপ বাড়াতে উদ্যোগী হচ্ছেন বেশ কয়েকজন নেতা। ২০১৯ সালে কংগ্রেস প্রিয়াঙ্কার নেতৃত্বে ভাল ফল করবে বলেই তাঁরা মনে করছেন। প্রিয়াঙ্কার উপস্থিতি দলকে যেমন ঐক্যবদ্ধ করতে পারে, ঠিক তেমনই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রেও প্রিয়াঙ্কা রাহুলের থেকে অনেক বেশি

বুদ্ধিমান বলে ওই নেতারা মনে করছেন। কর্নাটক বিধানসভা নির্বাচনে ব্যর্থ হওয়ার ফলেই প্রিয়াঙ্কাকে সামনে আনার চাপ ক্রমশ জোরালো হচ্ছে। কারণ এই মুহূর্তে দেশে ২২টি রাজ্যে ক্ষমতায় রয়েছে বিজেপি। অমিত শাহ এবং নরেন্দ্র মোদী সেই কারণে একের পর এক সিদ্ধান্ত গ্রহণ করতে পারছেন। কারণ তারা জানেন, সংগঠিত শক্তি রয়েছে বিজেপির পাশে।

কর্নাটক বিধানসভার ক্ষমতা দখল করতে না পারলেও বিজেপি বৃহত্তম দল হিসাবে উঠে এসেছে। তাদের আসন সংখ্যা থেকে কংগ্রেস অনেকটাই পিছিয়ে। জেডিএসকে নিয়ে সরকার গঠনের খেলায় নেমেছে কংগ্রেস। অথচ এই কর্নাটক নির্বাচনের আগে বিভিন্ন জনসভায় প্রচার করতে গিয়ে রাহুল জোর গলায় বলেছেন, আগামী দিনে কর্নাটক সহ যে সমস্ত রাজ্যে নির্বাচন রয়েছে, সেখানে কংগ্রেস ভাল ফল করবে। কিন্তু কর্নাটক বিধানসভা নির্বাচনের ফল যেভাবে কংগ্রেসের বিপক্ষে গেছে, তাতে কংগ্রেসের অবস্থা আরও করুণ হয়েছে। এই অবস্থা চলতে থাকলে আগামী লোকসভা নির্বাচনে দলের শক্তি যে আরও কমবে, সে বিষয়ে নিশ্চিত এই কর্তারা। সেই কারণেই রাহুল গান্ধিকে সরিয়ে দেওয়ার কথা ভাবা হচ্ছে।

তথ্য জানাচ্ছে, রাহুল গান্ধি যে সমস্ত নির্বাচনী কেন্দ্রে প্রচারে গিয়েছিলেন সেই কেন্দ্রগুলিতেই কংগ্রেস প্রার্থীরা পরাজিত হয়েছে। স্বাভাবিকভাবেই কংগ্রেসের এই প্রবীণ নেতারা ভীষণ চটেছে রাহুলের উপরে। হতাশ কর্মীদের সক্রিয় করতে প্রিয়াঙ্কাই এখন একমাত্র ভরসা বলে মনে করছেন তারা।

কংগ্রেসের শীর্ষ নেতৃত্ব যখন প্রিয়াঙ্কাকে সামনে আনার কথা ভাবছে, ঠিক তখনই রাহুলকে কটাক্ষ করেছেন সুব্রহ্মণ্যম স্বামী। বিজেপির এই সাংসদ বলেছেন, এবার নির্বাচন কমিশনের উচিত ব্যালটে ভোট করা। তবেই যদি কংগ্রেসের মুখ বন্ধ করা যায়। নেতৃত্ব দেওয়ার ক্ষমতাও নেই যাদের, তাদের মুখে বড় বড় কথা মানায় না। রাহুল গান্ধিকে কটাক্ষ করে স্বামী আরও বলেছেন, এবার রাহুলের উচিত, পাকাপাকিভাবে লন্ডনে বাস করা।

কারণ রাহুল যেখানে যেখানে নির্বাচনী প্রচারে গেছেন, সেখানেই কংগ্রেসের বিরাট ব্যবধানে পরাজয় হয়েছে। রাহুল যে দেশের যোগ্য নেতা নন, একথা এখন কংগ্রেসও বুঝতে পারছে।

কারাদণ্ড মকুব সিধুর

নয়াদিল্লি, ১৫ মে : প্রাক্তন ক্রিকেটার তথা পাঞ্জাবের মন্ত্রী নভজ্যোৎ সিং সিধুকে অনিচ্ছাকৃত খুনের মামলায় দোষী সাব্যস্ত করল সুপ্রিম কোর্ট। তবে কারাদণ্ড থেকে তাঁকে রেহাই দিয়েছে শীর্ষ আদালত। তিরিশ বছর আগে দায়ের করা মামলায় ভারতীয় দণ্ডবিধির ৩২৩ নম্বর ধারা (ইচ্ছাকৃত আঘাত করা) অনুযায়ী মঙ্গলবার সিধুকে দোষী ঘোষণা করেছে সুপ্রিম কোর্ট।

নতুন বিয়ে, তাই ছুটি চান পুলিশ কর্মী

লখনউ, ১৫ মে : হয় চাকরি নয় বিয়ে। চূড়ান্ত হুঁশিয়ারি দিয়ে রেখেছেন স্ত্রী। শাঁখের করাতে পড়ে বিড়ম্বনায় পুলিশকর্মী। তাই উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে লিখে ফেললেন সোজাসাপটা ছুটির আবেদন। যেখানে লেখা, 'ছুটি পাইনি বলে চার মাস স্ত্রী-র সঙ্গে দেখা হয়নি। স্ত্রী চাইছে যাতে আমি চারমাস অন্তর বাড়িতে যায়। না হলে সে আমাকে বিবাহবিচ্ছেদ করতে বলেছে। আমাকে যদি ছুটি না দেওয়া হয়, তাহলে হয়তো স্ত্রী ছেড়ে চলে যাবে।' এমনটাই লিখেছেন উত্তরপ্রদেশের লখনউয়ের পুলিশ কনস্টেবল ধর্মেন্দ্র সিং। আগ্রা রোডের শাহগঞ্জ থানায় কর্মরত এই কনস্টেবল। লখনউয়ের অতিরিক্ত পুলিশ সুপারকে লেখা চিঠিতে ধর্মেন্দ্র আরও লেখেন, 'নতুন বিয়ে হয়েছে আমার। সবসময়ই স্ত্রীর কথা মনে পড়ে। ফলে কাজ মন দিতে পারি না। আমরা বাড়ি যাওয়া খুবই দরকার।' যদিও এই চিঠি লেখার পরে ধর্মেন্দ্র'র চিঠি মঞ্জুর হয়েছে। উত্তর প্রদেশ পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, একজন কনস্টেবল সাধারণত বছরে ৩০ দিন ছুটি পান। তবে কাজের চাপ থাকলে তাঁদের ছুটি দেওয়া সম্ভব হয় না। তবে ভাল কাজ করলে উৎসাহ দিয়ে তাঁদের মনোবল বাড়ানোর চেষ্টা করা হয়। পুলিশকর্মীরা টানা ১০ দিন কাজ করেন, তাঁদের একদিন ছুটি দেওয়ার নিয়ম চালু করা হয়েছে।

Andaman & Nicobar Administration
Directorate of Art and Culture
****
No.12-11/Art & Culture/2017-18/PF/365
Port Blair, dated the 03rd May, 2018

CHAPTER – 1

INVITATION OF THE BID

The Secretary (Art & Culture, A&N Administration, Port Blair, invites sealed tender in two envelop system (Technical & Financial bid) from Registered Travel Agencies/ Cab operators for providing well maintained and roadworthy transport vehicles at the disposal of Department of Art & Culture, A&N Islands and Kala Kendra – a Society under Department of Art & Culture on 'daily' and 'as and when required' basis as per the specifications/requirements mentioned in the tender documents for a period of one year extendable by one more year subject to satisfactory performance on mutual consent.
Details of e-tender:-
01 Name of Service
Hiring of private Vehicles [Maruti Omni (Non AC) or equivalent), Mahendra Scorpio (Non AC) or equivalent Maruti SX 4 (Air conditioned) or equivalent Swift Dezire (Air conditioned) or equivalent
02 Eligibility
Registered Travel Agencies
03 Earnest Money Deposit
₹5,000/- (Rupees Five Thousand only).
04 Last date for submission of filled-in tender
Up to 03.00PM on 31/05/2018
05 Opening of technical bid
03.30PM on 31/05/2018
06 Opening of financial bid
04.00 PM on 31/05/2018
(FINANCIAL BID WILL BE OPENED ONLY OF THOSE BIDDERS WHO QUALIFY IN THE TECHNICAL BID.)
07 Collection of tender documents
Available on https://eproc.andaman.gov.in from 04.05.2018
to 31.05.2018 till 1400 hrs

Unique No. ANDOAC/04.

The tender document can be downloaded from the portal https://eproc.andaman.gov.in, EMD of ₹5,000/- (Rupees Five Thousand only) in the form of Demand Drafts/FDR issued in favour of "Senior Accounts Officer (Art & Culture), Directorate of Art & Culture" from any Nationalized Bank. The scanned copy of the demand drafts towards EMD should be uploaded alongwith the bids and the original copy of the demand draft to be submitted in the chamber of Director (Art & Culture), Directorate of Art & Culture, Cellular Jail Complex, Port Blair in a sealed cover superscribing the tender details on any working days but not later than the date & time mentioned for the receipt of tender.
The sealed cover consisting of EMD as mentioned above superscribing "EMD for Hiring of private Vehicles to be addressed to "The Director (Art & Culture), Directorate of Art & Culture, A&N Adtrration, Port Blair". The sealed cover can be dropped in the sealed tender box placed in front of the chamber of Director (Art & Culture), Directorate of Art & Culture, Cellular Jail Complex, Port Blair on any working days but not later than the date & time mentioned for the receipt of tender.

Assistant Director (Art &Culture)
2216/18

নিরাপদে আদিত্যনাথ

কাসগঞ্জ, ১৫ মে : উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের নিরাপত্তা ব্যবস্থায় বড়সড় গাফিলতি। মুখ্যমন্ত্রীর হেলিকপ্টার কাসগঞ্জের একটি স্কুলের নির্ধারিত অস্থায়ী হেলিপ্যাডের পরিবর্তে নামল মাঠের জমিতে। যদিও এই ঘটনায় মুখ্যমন্ত্রী নিরাপদেই রয়েছেন। তাঁর হেলিকপ্টার নিরাপদেই অবতরণ করে এবং তিনি গন্তব্যে রওনা দেন। রাজ্যের মুখ্যসচিব (স্বরাষ্ট্র) অরবিন্দ কুমার একথা জানিয়েছেন। মুখ্যমন্ত্রীর হেলিকপ্টারের কস্তুরবা গান্ধি বিদ্যালয়ের মাঠে নামার কথা ছিল। এর পরিবর্তে বিমানটি প্রায় দু' কিলোমিটার দূরে একটি মাঠে নামে। ফারাউলি গ্রামে তিনজন খুন হয়েছিলেন। নিহতদের পরিবারের লোকজনের সঙ্গে দেখা করতে আজ কাসগঞ্জে আসেন যোগী। তিনি কালেক্টরেট দফতরে জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতিও পর্যালোচনা করেন।

ঝাড়খণ্ড থেকে উদ্ধার প্রচুর বিস্ফোরক

রাঁচি, ১৫ মে : যৌথ অভিযানে ঝাড়খণ্ডের পূর্ব সিংভূম জেলার ডিগ্রি থেকে উদ্ধার হল প্রচুর পরিমাণ বিস্ফোরক। ১৩-১৪ মে রাতে এলাকায় অভিযান করে সিআরপিএফ-এর ১৯৩ নম্বর ব্যাটেলিয়ন ও ঝাড়খণ্ড পুলিশ। উদ্ধার করা হয় ৪৮২টিরও বেশি জিলেটিন স্টিক, ৮৮২টি ডিটোনেটর, ২৫০ মিটার কর্টেক্স তার, দু'কয়েল সেফটি ফিউজ সহ অন্যান্য জিনিসপত্র। সিআরপিএফ-এর ১৯৩ নম্বর ব্যাটেলিয়নের সেকেন্ড ইন কমান্ড সঞ্জীব কুমার দ্বিবেদী বলেন, ''কয়েকজনকে নিয়ে তল্লাশি চালানো হয় এলাকায়। গতকাল সকালে এক সন্দেহভাজনকে জিজ্ঞাসা করা হয়, তার কাছে বেশি পরিমাণ বিস্ফোরক পাওয়া যাবে কি না। সন্ধেবেলা সে কিছু বুঝতে পেরে এলাকা ছাড়ে। কিন্তু, তার বাড়ি থেকে বিস্ফোরক উদ্ধার করি আমরা।''

কর্নাটক নির্বাচন

বিজেপি ইভিএমে কারচুপি করেছে, অভিযোগ কংগ্রেসের

নয়াদিল্লি, ১৫ মে : কর্নাটকে হারের আঁচ পেতেই ইভিএমকে দায়ী করতে শুরু করল কংগ্রেস। ব্যালটে ভোটের দাবি তুললেন কংগ্রেস নেতা মোহনপ্রকাশ। তাঁর সুরেই ইভিএম কারচুপির ইঙ্গিত দিয়ে বিজেপিকে বিঁধেছেন রাজ্যসভায় বিরোধী দলনেতা তথা কংগ্রেস নেতা গুলাব নবি আজাদ। তাঁর প্রশ্ন, কীভাবে নির্বাচনের আগে সম্ভাব্য আসনপ্রাপ্তির সংখ্যা বলে দিতে পারছেন বিজেপি নেতারা?

কর্নাটকের ফল আসার পরই গুলাম নবি আজাদ বলেন, 'বুঝতে পারি না, কীভাবে আগে থেকে ১০০-১২৫, এমনকি ১৩০টি আসনের ভবিষ্যদ্বাণী করেছেন বিজেপি নেতারা! বিজেপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহও ১৩০টি আসনপ্রাপ্তির ঘোষণা করেছেন। কীভাবে ওঁরা এতটা নিশ্চিত হচ্ছেন?'' তিনি আরও বলেন, 'অনৈতিক কাজে যুক্ত থাকলে বা ইভিএম রিগিং করলেই জয়ের ব্যাপারে এতটা নিশ্চিত হওয়া যায়। তবে এখনও আমরা নিশ্চিত হইনি। বিজেপির

আত্মবিশ্বাস দেখে মনে হচ্ছে, কিছু তো একটা গোলমাল আছে।''

আজাদের পথেই হেঁটেছেন কংগ্রেস নেতা মোহনপ্রকাশ। তাঁর কথায়, ''প্রথম দিন থেকেই ইভিএমে কারচুপির অভিযোগ করে আসছি। সব বিরোধী দলই ইভিএম নিয়ে প্রশ্ন তুলছে। অতীতে প্রশ্ন তুলেছে বিজেপিও। সব মহলেই যখন এত সংশয়, তখন ব্যালটে ভোট করাতে বিজেপির অসুবিধা কোথায়?''

কংগ্রেসের এই অভিযোগের প্রেক্ষিতে প্রতিক্রিয়া দিতে গিয়ে হেসে গড়াগড়ি খেলেন বিজেপি নেতা সুব্রহ্মণ্যম স্বামী। গত বছর উত্তর প্রদেশে ভরাডুবির পর ইভিএম কারচুপির অভিযোগ তুলেছিলেন সমাজবাদী পার্টির সুপ্রিমো মায়াবতী।

ব্যালটে ভোট হলে ফল অন্যরকম হত : উদ্ধব

মুম্বই, ১৫ মে : হাড্ডাহাড্ডি লড়াইয়ের পর কর্নাটক নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা লাভ করল বিজেপি। কিন্তু বিজেপির এই সংখ্যাগরিষ্ঠতার মধ্যে ফাঁক খুঁজে পাচ্ছে বিরোধীরা। তাদের অভিযোগ, ইভিএম-এ কারচুপি করে ভোট ব্যাঙ্ক লুঠ করছে বিজেপি। কংগ্রেস কিছু আগেই এ নিয়ে আশঙ্কা প্রকাশ করেছিল। এবার আগুনে ঘি ঢাললেন উদ্ধব ঠাকরে। সম্প্রতি এ নিয়ে নিজের ক্ষোভ প্রকাশ করেছেন তিনি। শিবসেনা প্রধান বলেছেন, তিনি চান একবারের জন্য ইভিএমে নয়, ব্যালট পেপারে নির্বাচন লড়ুক বিজেপি। তাহলেই সব আশঙ্কা মিটে যাবে।

উদ্ধব ঠাকরের এই বক্তব্যের পর বিরোধীদের পাল্লা আরও ভারী হল। তবে শিবসেনার আগে কংগ্রেস ভোটযন্ত্রে কারচুপি নিয়ে প্রশ্ন তুলেছিল। কংগ্রেসের নেতা মোহন প্রকাশ প্রশ্ন তোলেন, ''দেশে হেন কোনও দল নেই যারা ইভিএম নিয়ে প্রশ্ন তোলেনি। এমনকি বিজেপিও অতীতে সে প্রশ্ন করেছে। আমি তো প্রথম দিন থেকেই ইভিএম-এর বিরোধিতা করছি। সবাই যখন এই নিয়ে প্রশ্ন তুলছে, তাহলে ব্যালটে ভোট করাতে বিজেপির অসুবিধা কী ছিল?''

ম্যাজিক ফিগারে না পৌঁছতে পারলেও কর্নাটক নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে নির্বাচিত হয়েছে বিজেপি। গণনা চলার সময়ই দলের তরফে জানিয়ে দেওয়া হয়েছিল, জিতলে একাই সরকার গড়বে তারা। ফলাফল সেদিকেই এগোচ্ছিল। কিন্তু প্রধান বিরোধী দলের পথে বাধা হয়ে দাঁড়াল কংগ্রেস। গণনার নিরিখে দ্বিতীয় স্থানে রয়েছে এই দল। কিন্তু ৫জনতা দলকে তারা জোট গড়ার আমন্ত্রণ দিয়ে বসেছে। জনতা দলের তরফে এই প্রস্তাব প্রত্যাখ্যান করা হয়নি। কংগ্রেসের সঙ্গে জোট তৈরিতে আপত্তি নেই বলে জানিয়েছেন কংগ্রেসের নেতা গুলাম নবি আজাদ। জনতা দলের নেতা দানিশ আনিও সেকথা স্বীকার করেছেন। তিনি জানিয়েছেন, বিজেপিকে ঠেকিয়ে রাখতে যা দরকার, তা তারা করবেন। এখনও পর্যন্ত জানা গিয়েছে, মুখ্যমন্ত্রীর পদে বসতে চলেছেন কুমারস্বামী।

নাবালিকাকে যৌন অত্যাচার, ধৃত প্রৌঢ়

গাজিয়াবাদ, ১৫ মে : গত তিন-চার বছর ধরে নিজের মেয়ের ওপরই যৌন অত্যাচার চালাত বছর পঞ্চাশের এক প্রৌঢ়। স্ত্রী এবং মেয়ের স্কুলের এক পরিচারিকার অভিযোগের ভিত্তিতে সোমবার তাকে গ্রেফতার করে ইন্দিরাপুরম থানার পুলিশ। পুলিশ জানিয়েছে, চলতি বছরের গোড়ার দিকে চাকরি হারায় নরেন্দ্র নেগি। তারপর থেকে মেয়ের ওপর যৌন অত্যাচারের প্রবণতা বাড়ে। ১২ বছরের মেয়েটি বৈশালীতে একটি বেসরকারি স্কুলে অষ্টম শ্রেণির ছাত্রী। বয়ানে নেগির স্ত্রী জানিয়েছেন, রাতে ঘুমের মধ্যে মেয়েকে যৌন নির্যাতন করত নরেন্দ্র। গত তিন-চার বছর ধরেই এটা করে আসছে সে। প্রথমটায় বোঝায় যায়নি। পরে দেখা যায়, প্রায় প্রতি রাতে সকলে ঘুমিয়ে পড়ার পর মেয়ের শরীরের দিকে হাত বাড়াত সে। বেশ কয়েকদিন হাতেনাতে ধরেও ফেলেন তার স্ত্রী। এক দিন স্কুল থেকে মেয়েকে আনতে গিয়ে প্রকাশ্যেই যৌন হেনস্থার চেষ্টা করে সে। এ কথা স্কুলের এক পরিচারিকা তাঁর বয়ানে জানিয়েছেন। অভিযুক্তের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৫১৯ ধারা এবং পকসোর বিভিন্ন ধারায় মামলা রুজু করা হয়েছে। আদালতে তোলা হলে তাকে জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। অফিসার ইন-চার্জ ভূপেন্দ্র পোরিয়া বলেন, 'তার স্ত্রীর অভিযোগের ভিত্তিতে নরেন্দ্রর বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে। গত ৩-৪ বছর ধরে সে এটা করছে বলে জানিয়েছেন তার স্ত্রী। আদালতে মামলা উঠেছে। তদন্ত চলছে।'

পিঠের যন্ত্রণায় কাবু মিঠুন চক্রবর্তী

নয়াদিল্লি, ১৫ মে : দীর্ঘদিন ধরেই বড়পর্দায় তিনি অনুপস্থিত। ছোটপর্দাতেও সেভাবে দেখা যাচ্ছিল না তাঁকে। রাজনীতির ময়দান থেকেও নিজেকে সরিয়ে নিয়েছিলেন। সবার অলক্ষ্যে একান্তে সময় কাটাচ্ছিলেন। তিনি হলেন বলিউডের একসময়ের ডিস্কো ডান্সার মিঠুন চক্রবর্তী। সেই মিঠুন চক্রবর্তী যাঁর জন্য একসময় পাগল ছিল কিশোর-কিশোরী থেকে যুবক-যুবতী সকলেই। যাঁর সঙ্গে নাম জড়িয়েছিল প্রয়াত অভিনেত্রী শ্রীদেবীর। একটা সময় একের পর এক সম্পর্কে জড়িয়েছেন তিনি। সেই মিঠুন আজ গুরুতর অসুস্থ। পিঠের যন্ত্রণায় কাবু। সূত্রের খবর, দিল্লিতে তাঁর চিকিৎসা চলছে। তাই সবকিছু থেকে সাময়িক নির্বাসনে রয়েছেন তিনি।

বড়পর্দা থেকে ছুটি নিলেও, মাঝেমধ্যেই দেখা গিয়েছে মিঠুনকে। মূলত ডান্স রিয়েলিটি শো ডান্স ইন্ডিয়া ডান্স-এর বিচারক ছিলেন তিনি। কিন্তু শরীরের কারণে ওই শো থেকেও সরে দাঁড়ান অভিনেতা। পিঠের যন্ত্রণার জন্য এক সময়

উঠিতেও চিকিৎসা করান মিঠুন। কিন্তু তেমন কোনও লাভ হয়নি। শেষবার তাঁকে আয়ুষ্মান খুরানা, পল্লবী শারদে অভিনীত 'হাওয়ারহিজাদে' ছবিতে দেখা গিয়েছিল। তবে সূত্রের দাবি, আপাতত দিল্লিতে তিনি চিকিৎসায় ইতিবাচক সাড়াই দিচ্ছেন। খুব শীঘ্রই হয়তে ফের তাঁকে জীবনের মূল ট্র্যাকে ফিরে আসতে দেখবেন তাঁর ভক্তরা।

ধর্ষণকারীকে ঘরবন্দি করে থানায়, তবু ব্যর্থ পুলিশ

নাগপুর, ১৫ মে : নেশাগ্রস্ত হওয়ার সুযোগ নিয়ে ধর্ষকদের ঘরবন্দি করে পুলিশের কাছে গিয়ে সব জানান এক তরুণী। প্রমাণ হিসাবে তাদের মোবাইলও জমা দেন পুলিশের কাছে। তবুও অভিযুক্তদের গ্রেফতার করতে ব্যর্থ হল পুলিশ। ঘটনাটি ঘটেছে মহারাষ্ট্রের নাগপুরে। গত শনিবার স্নাতকে প্রথম বর্ষের ওই ছাত্রীকে অপহরণ করে দুই অভিযুক্ত শেখ সালাম এবং শ্রীরাম শ্রীবাস। একটি বাড়িতে নিয়ে গিয়ে হাত-পা বেঁধে জেরে করে মদ্যপানে বাধ্য করে তরুণীকে। তারপর তাকে ২ বারগণধর্ষণ করে তারা।

পাক সেনার হামলায় হত জওয়ান

শ্রীনগর, ১৫ মে : পাকিস্তান সেনার হামলায় জম্মু-কাশ্মীরে শহিদ হলেন এক বিএসএফ জওয়ান। সংঘর্ষবিরতি চুক্তি লঙ্ঘন করে বিনা প্ররোচনায় আজ সাম্বা জেলা সংলগ্ন সীমান্তে হামলা চালায় পাকিস্তান। পাল্টা জবাব দিতে শুরু করে ভারতীয় সেনাও। গুলির লড়াই চলার সময় জখম হন বিএসএফ জওয়ান দেবেন্দর কুমার। তাঁর বাঁ চোখে গুলি লাগে। সঙ্গে সঙ্গে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু বাঁচানো যায়নি তাঁকে। ঘণ্টাখানেক গুলির লড়াই চলার পর সংঘর্ষ থামে। তার আগে কাঠুয়া জেলার হীরানগর সেক্টরের সীমান্ত এলাকায় সন্দেহজনক গতিবিধি নজরে আসে। পাঁচজনকে ঘোরাঘুরি করতে দেখা যায়। নিরাপত্তারক্ষীদের প্রাথমিক অনুমান, তারা জঙ্গি এবং ভারতে অনুপ্রবেশের চেষ্টা করছিল। তাদের খোঁজে আজ দু'দিন ধরে তল্লাশি চলছে। এরই মাঝে আজ সাম্বায় হামলা চালায় পাকিস্তানি সেনা।

মাহিরাকে চুম্বন করে বন্ধুত্বের প্রমাণ দিলেন সোনম কাপুর

নয়াদিল্লি, ১৫ মে : প্রতিবেশী পাকিস্তানের সঙ্গে সম্পর্ক ভাল নেই ভারতের। সে দেশের শিল্পীদেরও ভারতে কাজ করা বারণ। এ দেশের শিল্পীরাও পাকিস্তানে যাওয়ার আগে বেশ কয়েকবার ভাবেন। তবে দুই দেশের মধ্যে সম্পর্কের অবস্থা যাই হোক, শিল্পীদের মধ্যে সখ্যতা বজায় রয়েছে। এই সখ্যতার নমুনা আগেও মিলেছে।

এ দেশের শিল্পীদের সঙ্গে পাক শিল্পীদের সম্পর্ক যে আগের মতোই বজায় রয়েছে তা ধরা পড়েছে সাম্প্রতিক একটি ঘটনার মাধ্যমে। দু'দেশের মধ্যে সম্পর্কের যতই অবনতি হোক না কেন, শিল্পীরা আগের মতোই সখ্যতা বজায় রাখছেন। সম্প্রতি মাহিরা খানের সঙ্গে বিদেশের রাস্তায় ধূমপান করতে দেখা গিয়েছে রণবীর কাপুরকে। তা নিয়ে বিতর্কও বিস্তর হয়েছে। কিন্তু দু'জনের মধ্যে বেশ ভালই বন্ধুত্ব রয়েছে। এমনই এক বন্ধুত্বের সাক্ষী সিনেমাপ্রেমীরা হলেন সাম্প্রতিক কান চলচ্চিত্র উৎসবে। রেড কার্পেটে পাক অভিনেত্রী মাহিরা খানকে চুম্বন করে সে বন্ধুত্বের প্রমাণ দিলেন সোনম কাপুর। দুই দেশের দুই নায়িকার এই ছবিই হয়েছে ভাইরাল। পাক শিল্পীদের অনেকের সঙ্গেই বন্ধুত্ব রয়েছে সোনমের। 'খুবসুরত' সিনেমায় পাকিস্তানের হার্টথ্রব ফওয়াদ খানের সঙ্গে কাজও করেছেন তিনি। যাঁদের সঙ্গে কাজ করেননি তাঁদের সঙ্গেও যোগাযোগ রয়েছে অনিল-কন্যার। কিছুদিন আগেই মুম্বইতে ধুমধাম করে প্রেমিক আনন্দ আহুজার সঙ্গে গাঁটছড়া বাঁধেন। আসতে না পারলেও বন্ধুকে বিয়ের শুভেচ্ছা জানিয়েছিলেন মাহিরা। সোনম উত্তরও দিয়েছিলেন। জানিয়েছিলেন 'কান'-এ দেখা হবে দু'জনের। বিয়ে মিটতেই 'কান'-এর উদ্দেশে রওনা দেন সোনম। সাদা লেহেঙ্গায় রেড কার্পেটে হেঁটে সকলের নজর কাড়েন। পাশেই ছিলেন মাহিরা। কালো গাউনে তিনিও পোজ দিচ্ছিলেন পাপারাৎজিদের। বন্ধুকে উষ্ণ অভ্যর্থনা জানান সোনম। আলিঙ্গন করে তাঁকে চুম্বন করেন। মাহিরাও হাসিমুখে শুভেচ্ছা জানান বন্ধুকে।

BHARAT ELECTRONICS LIMITED
(A Govt. of India Enterprise under the Ministry of Defence)
(CIN: L32309KA1954GOI000787)
Empowering the Nation's Defence Forces

Bharat Electronics Limited, Bengaluru Complex, Jalahalli Post, Bengaluru - 560 013, invites applications for empanelment of reputed and experienced agencies for carrying out the work of **"Civil Infrastructure Works for CSS-ICG Phase–2".**

Sl. No.	State	Package	No. of Sites	Value of Work (Rupees in Lakhs)
1	Gujarat	1	7	865
		2	8	292
2	Maharashtra	3	10	792
3	Karnataka & Goa	4	7	573
4	Kerala	5	6	712
		6	6	944
5	Lakshadweep	7	2	106
		8	1	379
		9	4	130
		10	3	61
6	Tamil Nadu	11	7	1400
		12	5	1083
		13	6	514
7	Andhra Pradesh	14	5	1393
		15	4	256
		16	4	231
8	Orissa	17	5	587
9	West Bengal	18	3	445
		19	2	445
10	Andaman	20	6	1200
		21	5	2105
11	Delhi	22	1	209
	Total	22	107	14722

For pre-qualification criteria and further details visit website **www.eprocurebel.co.in**. All Corrigendum / Amendments / Changes, if any will be issued and made available on website **www.eprocurebel.co.in**. No Corrigendum / Amendments / Changes will be issued in Newspapers. Hence, prospective agencies are advised to keep visiting the website **www.eprocurebel.co.in**, on regular basis.

Sd/-
DY. GEN. MANAGER (CONTRACTS & MM)
ENGINEERING SERVICES
DATE: 16.05.2018